গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

নম্বর: ২৬.০০.০০০০.০৮৬.১১.০০২.১২-৩৪৫

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৬
১৫ মে ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	বয়স	পদের সংখ্যা	বেতন ক্রম	প্রয়োজনীয় যোগ্যতা	যে সমস্ত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	২	৩	৪	৫	৬	৭
১.	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	৮(আট)	গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে Word processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা; এবং (গ) বাংলা ও ইংরেজি শর্টহ্যান্ড গতি প্রতি মিনিট যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ এবং বাংলা ও ইংরেজি টাইপে গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, জামালপুর, শেরপুর, ফরিদপুর, নেত্রকোনা, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষীপুর, ফেনী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, বাগেরহাট, যশোর, বরিশাল, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। তবে সকল জেলার শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	কম্পিউটার অপারেটর	৩০ বৎসর।	১(এক)	গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ।	
৩.	ক্যাশিয়ার	৩০ বৎসর।	১(এক)	গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (খ) কম্পিউটারে Word processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৪.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	৬(ছয়)	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে Word processing সহ ই-মেইল, ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) বাংলা ও ইংরেজি টাইপে গতি প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ।	
৫.	অফিস সহায়ক	অনূর্ধ্ব ১৮-৩০ বৎসর।	১৪(চৌদ্দ)	গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, দিনাজপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ভোলা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ । তবে সকল জেলার শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী :

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ৩১ মে ২০১৯ তারিখ প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোর্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://mincom.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০ মে ২০১৯, সোমবার, সকাল ৯:০০ টা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬ জুন ২০১৯, রবিবার, বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে ১-৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/-(একশত বার) টাকা এবং ৫নং ক্রমিকের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, **'Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'**।

প্রথম SMS: MINCOM<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MINCOM ABCDEF

Reply: Applicant's Name, Tk-112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MINCOM<Space>Yes < Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MINCOM<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MINCOM YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MINCOM Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mincom.teletalk.com.bd অথবা বাণিজ্য মন্ত্রণালয়ের Website: mincom.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পুর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MINCOM<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: MINCOM HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে: MINCOM<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.
Example: MINCOM HELP PIN 12345678 & Send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(ড. শাহ আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি নির্বাচন কমিটি